2 R$

INDIA

दो रुपया दो रुपया

TWO RUPEES भारत TWO RUPEES

Admissible under Rule 21 ~~and also under Section .......... of the Legal T... non-agricultural ... necessary ...~~ stamped (~~or exempt from ... require Stamp duty~~) under the Indian Stamp Act, 1899, Schedule 1A, No. 25(6)

Fee paid :- A 18/- E 2/- 20/-

Sub-Registrar, Alipore Sadar 27/11/60

Certified that the proper stamp duty has been paid on the original of which this is a duplicate ~~or counterpart~~.

Sub-Registrar, Alipore Sadar 27/11/60

Duplicate

Rotha ... Ramendra Nath Sen Sarma

25 (6) A-18 E-2 20

## বণ্টননামা দলিল

| প্রথম পক্ষ— | দ্বিতীয় পক্ষ — |
| --- | --- |
| শ্রী লোছু পোছালী<br>পিতা ৺কেদার নাথ পোছালী<br>সাং ৩৩ নং সুবোধ মল্লিকরোড<br>যাদবপুর, থানা সদর টালিগঞ্জ<br>জেলা ২৪ পরগণা কলিকাতা ৩২<br>জাতি হিন্দু পেশা অধ্যাপনা। | শ্রী রমেন্দ্র নাথ সেন শর্মা<br>পিতা ৺ অক্ষয় কুমার সেন শর্মা<br>সাং "কুসুমিকা" গড়্চা মেইন<br>রোড, থানা সদর টালিগঞ্জ<br>জেলা ২৪ পরগণা জাতি হিন্দু<br>পেশা অধ্যাপনা। |

কস্য পার্টিসান বা বণ্টন নামা পত্র মিদং কার্য্যঞ্চাগে -

জেলা ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ সবরেজেষ্টারী আফিস আলিপুর

২৪৬, ১৫১৬ - ১৫১৮ নং তৌজি ভুক্ত পরগণে খাসপুর জে এল নং ৩১

(2)

Stamp No. 272 Dated 26.4.60
Valued at 2/-
Sold to Sri K. D. Banerjee
of Adv
Court
Stamp Vendor,
Judges' Court, Alipore
24 Parganas

SEAL OF THE SUB REGISTRAR ALIPORE SADAR 24 PARGANAS

Presented for registration at 11/35 A.M. on the 27th day of April 1960 at the office of the Sub-Registrar Alipore Sadar by Luchhu Pochhali one of the Executant or claimant or attorney for ........ under Power of attorney No ........ for 19........ authenticated by the Sub-Registrar of

Lochhu Pochhal

Sub-Registrar, Alipore Sadar

27/4/60

Execution is admitted by (1) Luchhu Pochhali S/o Late Kedar Nath Pochhali of 33 Subodh Mallik Road Jadabpur P.S. Sadar Tollygunge District 24 Parganas by caste Hindu by profession Professor

by (2) Ramendra Nath Sen Sarma Son of Late Akshay Kumar Sen Sarma of Krishnanagar Gupta Road, Tollygunge District 24 Parganas by caste Hindu by profession Professor

Lochhu Pochhal

Ramendra Nath Sen Sarma

Identified by Kali Das Banerji Pleader Judge's Court Alipore.

District ........
by caste ........ by profession ........

Kali das Banerjee

Thumb-impression is dispensed with.

Sub-Registrar, Alipore Sadar

27/4/60

Lochhu Poddar:
Ramendra Nath Sen Sarma

মৌজে বাদে মান্ডু গ্রামে মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার অধিন ৫৩ শতক জমি কাত বার্ষিক মং ১ ৭ ৬ পাই জমার বিগত সার্ভে জরিপের ১৮৮ নং হাল জরিপের ১৪ ৮ নং খতিয়ান লিখিত রায়ত - স্থিতিবান সত্ত্বস্থিত ৪৫৫ দাগ ভুক্ত ১১ শঃ স্থানীয় মাপে কমবেশী ।১।।৶২২।।০ ছয় কাঠা এগার ছটাক সাড়ে বাইশ স্কোয়ার ফিট জমি আমরা প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ বিগত ১৩।১।৬০ ইং তারিখের সম্পাদিত আলিপুর সব-রেজেষ্টারী আফিসের ১ নং বহির ১১ নং ভলুমে ১১ ৮ - ১২ ৫ নং পৃষ্ঠায় লিপিকৃত ঐ সনের ২৯৩নম্বর দলিল রূপে রেজেষ্টারী কৃত কোবালা মূলে অশোক ট্রাষ্ট হইতে মং ৮৪০০৲ টাকা মূল্যে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় খোস খরিদ করিয়া এজমালে ভোগবান মালিক দখলকার হইতেছি। এক্ষনে আমরা পক্ষগণ নিজ নিজ গৃহাদি নির্মাণ করিয়া একে অন্যের বিনা সংশ্রবে ও নিরাংশে পৃথক পৃথক রূপে সুতন্ত্র ভাবে বসবাস করার জন্য উক্ত সম্পত্তি এজমালিতে দখল করা সম্ভব পর না হওয়ায় উক্ত সম্পত্তিতে কমনপ্যাসেজ ও কমন ড্রেণ ও কমন কালভার্ট প্রভৃতি কৃত চিহ্নিত মতে সৃজন করা নির্দ্দেশিত ও নিরূপন করিয়া উক্ত জমি পৃথক পৃথক ছাহামে বিভাগ বন্টন করা আবশ্যক বিধায়, আমরা প্রথম ও দ্বিতীয় পক্ষ উক্ত সম্পত্তি উক্ত মূল্যের নিজ নিজ - আদায়ী টাকার হারাহারি মতে জমির অবস্থিতি অনুসারে বিভাগ করিয়া নিম্ন লিখিত মর্মে ও সর্ত্তে আপোষে বন্টন করিয়া নিলাম। আমরা - পক্ষগনের নিজ নিজ ছাহামে নির্দ্দেশিত ও নিরূপিত সম্পত্তির খাজনা ও ট্যাক্সাদির জন্য পক্ষগণ নিজে নিজে দায়ী থাকিব এবং একে অপরের খাজনা ট্যাক্সাদির জন্য দায়ী থাকিব না। অত্র পার্টিসান দলিলের সর্ত্তে আমরা পক্ষগণ ওয়ারিসান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে বাধ্য থাকিব ও রহিলাম। যদি আমরা কিম্বা -

THE SEAL OF THE SUB REGISTRAR, ALIPORE SADAR ★ DIST. 24 PARGANAS.

জেলা ২৪ পরগনা

Sub-Registrar, Alipore
Sadar.

27/11/60

Srelekha Poddar
Ramendra Nath Sen Sarma

আমাদের ওয়ারিসান স্থলাভিষিক্তগণ ভবিষ্যতে অত্র দলিলের কোন সর্ত সম্বন্ধে আপত্তি উত্থাপন করি কি করে তাহা সর্ববতোভাবে সকল আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

এতদর্থে সুস্থ চিত্তে সরলান্তঃকরণে অন্যের বিনানুরোধে নিজ নিজ স্বত্ব স্বার্থে অত্র বন্টন নামা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৯৬০ সালের ২৭শে এপ্রিল

বন্টনের সর্ত যথা ঃ-

১। নিম্ন ক তপশীলে বর্ণিত এবং অত্র সহ গ্রথিত নক্সায় হরিদ্রা রং এ রঞ্জিত সম্পত্তি প্রথম পক্ষের ছাহামে নির্দ্দেশিত হইল এবং অদ্য হইতে উহাতে প্রথম পক্ষ অন্যের নিরাংশে একক নিব্যূঢ় সত্ত্বে ভোগবান মালিক দখলকার হইলেন। উক্ত সম্পত্তির হারাহারি মালিকগণের খাজনা এবং ট্যাক্সাদি প্রথম পক্ষ বহন করিবেক এবং তজ্জন্য দ্বিতীয় পক্ষ দায়ী থাকিবে না বা রহিলেক না।

২। নিম্ন খ তপশীলে বর্ণিত অত্র সহ গ্রথিত নক্সায় লাল রং এ রঞ্জিত সম্পত্তি দ্বিতীয় পক্ষের ছাহামে নির্দ্দেশিত হইল এবং অদ্য হইতে উহাতে দ্বিতীয় পক্ষ - অন্যের নিরাংশে একক নিব্যূঢ় সত্ত্বে ভোগবান মালিক দখলকার হইলেন। উক্ত সম্পত্তির হারাহারি খাজনা ও ট্যাক্সাদি দ্বিতীয় পক্ষ বহন করিবেক এবং তজ্জন্য প্রথম পক্ষ দায়ী রহিলেক না।

৩। নিম্ন গ তপশীলে বর্ণিত অত্র সহ গ্রথিত নক্সায় সবুজ রং এ রঞ্জিত - ক - তপশীল সম্পত্তি হইতে গাঙ্গুলী রোড পর্য্যন্ত বিস্তৃত ৮ ´ ফুট প্রশস্ত ৬৫´ফুট - দৈর্ঘ্য ।।৵২৫ এগার ছটাক পঁচিশ স্কোয়ার ফুট জমি উভয় পক্ষের স্বত্ব দখলিয়

কমনপ্যাসেজ রূপে নির্দ্দেশিত ও নিরূপিত হইল এবং উক্ত কমনপ্যাসেজের অর্দ্ধাংশ প্রথম পক্ষের ক তপশীল সম্পত্তি ভুক্ত হইল এবং অর্দ্ধাংশ দ্বিতীয় পক্ষের খ তপশীল সম্পত্তি ভুক্ত হইল।

৪। উক্ত কমনপ্যাসেজে প্রথম ও দ্বিতীয় পক্ষের ওয়ারিসান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে চলাচল যান বাহান জল কল আণ্ডার গ্রাউণ্ড ও সাইড ড্রেণ এবং ওভার হেড ও আণ্ডার গ্রাউণ্ড ইলেকট্রিক এবং টেলিফোন কনেকসান নেওয়ার সর্ব্ব স্বত্ব চিরতরে বহাল থাকিবে। তাহাতে একে অপরের কোন বাধা জন্মাইতে পারিব না বা পারিবেক না এবং উহা সর্ব্বদা খোলসা ও আলো বাতাস মুক্ত রাখিব এবং উহাতে কেহ কোন বেরিয়ার সৃষ্টি করিতে পারিব না কি কোনরূপ এনক্রোচ করিতে পারিব না উক্ত কমনপ্যাসেজ ও তৎ সংলগ্ন পাটুলী রোডসংযুক্তীয় কালভার্ট আমরা প্রথম ও দ্বিতীয় পক্ষ তুল্যাংশে খরচ বহন - করিয়া সৃজন ও সংস্কার করিব এবং উহা কার্য্যকরী অবস্থায় রাখিব।

৫। আমরা প্রথম ও দ্বিতীয় পক্ষগণ আমাদের ছাহাম ভুক্ত জমির পশ্চিম পার্শ্বে ওরেসাতের উত্তর দক্ষিণ রোক ১ ফুট প্রশস্ত পাকা ড্রেণ প্রস্তুত করিয়া পাটুলী রোড সংলগ্ন ড্রেণের এর সঙ্গে সংযোগ করিব এবং উক্ত ড্রেণ দ্বারা আমাদের উভয় পক্ষের জল ও রিফিউজ নিস্কাষিত হইবে, তাহাতে আমরা পক্ষগণ কি আমাদের ওয়ারিসান স্থলবর্ত্তীগণ কখনও একে অন্যের বাধা বিঘ্নের সৃষ্টি করিতে পারিব না কি পারিবেক না এবং উক্ত ড্রেণ আমরা উভয় পক্ষ এজমালে খরচ বহন করিয়া সংস্কার ও মেইনটেন করিব এবং সর্ব্বদা খোলসা ও ওয়ার্কিবল - কনডিসনে রাখিব।

৬। আমি প্রথম পক্ষ আমার ক তপছিল সম্পত্তির দক্ষিণ সীমানা সংলগ্ন এবং

আমি দ্বিতীয় পক্ষ আমার খ তপশীল সম্পত্তির উত্তর সীমানা সংলগ্ন ৪ ফুট প্রশস্ত জমি মধ্যে কোন কাঁচা পাকা গৃহ কি ইমারতাদি প্রস্তুত করিতে পারিব না এবং উহাতে কোন ফলবান বৃক্ষাদি রোপন করিতে পারিব না এবং নিজ নিজ ছাহাম ভুক্ত উক্ত রূপ ৪´ফুট প্রশস্ত জমি সর্ব্বদা আলো বাতাস মুক্ত রাখিব।

৭। অত্র পার্টিসান দলিলের যাবতীয় সর্ত্ত দ্বারা আমরা পক্ষগণ ওয়ারিসান ও স্থলবর্ত্তিগণ ক্রমে বাধ্য থাকিব ও রহিবেক। কোন পক্ষউক্ত সর্ত্তহায়ের কোন সর্ত্তের অপব্যবহার কি ব্যতিক্রম করিলে অপরের নিকট দায়ী থাকিব ও আইন আমলে আসিব।

মূল পার্টিসান দলিল আমি প্রথম পক্ষের নিকট থাকিবে এবং ডুপ্লিকেট দলিল আমি দ্বিতীয় পক্ষের নিকট থাকিবে।

"ক" তপশীল প্রথম পক্ষের সম্পত্তি ঃ- মূল্য ৩৫৫০৲টাকা

জেলা ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ সবরেজেষ্ট্রী আফিস আলিপুর পরগনে খাসপুর ২৪৬, ১৫১৬ - ১৫১৮ নং তৌজি ভুক্ত জে এল নং ৩১ মৌজে বাদে মণ্ডু গ্রামে ১৮৮ নং হাল ১৪৮ নং খং লিখিত স্থিতিবান রায়তি স্বত্বাস্থিত ৪৫৫ দাগ ভুক্ত অত্র সহ গ্রথিত নক্সায় হরিদ্রা রং এ রঞ্জিত ২৲১৪ স্কোয়ার ফিট দুই কাঠা বার ছটাক চৌদ্দ স্কোয়ার ফিট জমি মায় গ তপশীল বর্ণিত অত্র নক্সায় সবুজ রং এ রঞ্জিত কমনপ্যাসেজের অর্দ্ধাংশ ।/৩৫ স্কোঃ ফিট পাঁচ ছটাক পয়ত্রিশ স্কোয়ার ফিট জমি মায় সর্ব্ব প্রকার ইজমেন্ট আওলাতাদি দরবস্তু হক হকুক যাহার আনুপাতিক বার্ষিক জমা ·২৯ নয়া পয়সা ধার্য্য হইল। মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণার কালেকটার বাহাদুর আলিপুর, চৌহদ্দি ঃ-

উঃ ললিত শংকরের জমি ৪৫০ দাগ
দঃ- দ্বিতীয় পক্ষের খ তপশীল সম্পত্তি ও কমনপ্যাসেজ
পূঃ- প্রাইমারী স্কুল ৪৫৬ দাগ
পঃ- শোভারানী রায়ের বসত বাটী ৪৫৫ দাগেরঅংশ ।

"খ"তপছিল দ্বিতীয় পক্ষের সম্পত্তি

মূল্য ৪ ৮৫০_টাকা ।

জেলা ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ সবরেজেষ্ট্রী আফিস আলিপুর ২৪৬, ১৫২৬ - ১৫৯৮ নং তৌজি ভুক্ত পরগনে খাসপুর জে এল নং ৩১ মৌজে বাদে মন্ডু গ্রামে ১৮৮ হাল ১৪৮ নং খতিয়ান ভুক্ত স্থিতিবান রায়তি স্বত্বস্থিত ৪৫৫ দাগ ভুক্ত অত্র সহ গ্রথিত নক্সায় লাল রং এ রঞ্জিত ৩ ⁄২ ৮॥০ তিন কাঠা তিন ছটাক সাড়ে আঠাইশ স্কোয়ার ফিট জমি মায় উক্ত নক্সায় সবুজ রং এ রঞ্জিত কমনপ্যাসেজের অর্দ্ধাংশ ।⁄৩৫ পাঁচ ছটাক পয়ত্রিশ স্কোয়ার ফিট জমি মায় সর্বব প্রকার ইজমেন্ট আওলাতাদি দরবস্তু হক হকুক যাহার আনুপাতিক - বার্ষিক জমা •৩৩ নয়া পয়সা ধার্য্য হইল । মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণার কালেকটার বাহাদুর আলিপুর । চৌহদ্দি ঃ-

উঃ- ক তপশীল সম্পত্তি ৪৫৫ দাগের অংশ
দঃ- ৪০′ফুট প্রঃ পাটুলী রোড
পূঃ- গ তপশীল লিখিত কমনপ্যাসেজ ও তৎপূর্বে প্রাইমারী স্কুল ৪৫৬ দাগ
পঃ- শোভা রানী রায়ের বসত বাটী ৪৫৫ দাগের অংশ ।

গ তপছিল

৮ ফিট প্রস্থ ৬৫′ফিট দৈর্ঘ অত্র সহ গ্রথিত নক্সায় সবুজ রং এ রঞ্জিত ॥⁄২৫ স্কোয়ার ফিট এগার ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি যাহার অর্দ্ধাংশ ।⁄৩৫ পাঁচ ছটাক পয়ত্রিশ স্কোয়ার ফিট ক তপশীল এবং বাকি -

Lochhu Pochhal. Ramendra Nath Sen Sarma

অর্দ্ধাংশ ।৵৩৫ স্কোঃ ফিট খ তপশীল ভুক্ত হইল। যাহা উভয় পক্ষের কমন প্যাসেজ রূপে ব্যবহৃত হইবে। যাহার উত্তরে – ক তপশীল সম্পত্তি, দক্ষিণে – ৪০´ফিট প্রশস্ত পাটুলী রোড, পূর্বে – ৪৫৬ দাগের জমি, পশ্চিমে– খ তপশীল সম্পত্তি।

Lochhu Pochhal.
প্রথম পক্ষ

Ramendra Nath Sen Sarma
দ্বিতীয় পক্ষ –

ইসাদি ঃ–
– – –

Kali das Banerjee
Pleader Judge Court Alipore

টাইপিষ্ট–
M. Ghose
আলিপুর জজ কোর্ট।

Registered in
Book No. I
Volume No. 59
Pages 123 to ...
Being No. 3519
for the Year 1960

THE SEAL OF THE SUB REGISTRAR, ALIPORE SADAR ★ DIST. 24 PARGANAS ★

Sub-Registrar, Alipore
Sadar. 27/4/60


THE SEAL OF THE SUB REGISTRAR, ALIPORE SADAR ★ 24 PARGANAS ★

Sub-Registrar, Alipore
Sadar
28.4.60

# PARTITION PLAN OF PORTION OF DAG NO. 455.

## AT MOUZA BADEMASUR. J.L.NO. 31. P.S. TOLLYGUNGE DT. 24 PARGANAS


SCALE: 50 FT.=1 INCH.




*DRAWN BY*

*FRIENDS ENGG. CO.*
*6, CENTRAL RD.*
*CAL.- 32.*

Lochha Poddar
Ramendra Nath Sen Sarma



3579/1960